গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আইসিটি শাখা
www.rdcd.gov.bd

স্মারক নং- ৪৭.০০.০০০০.০৪৩.০৬.০০২.১৩-১৪ তারিখঃ ০২/১১/২০১৫ খ্রিঃ

বিষয়ঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সদস্যদের সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) মহোদয়ের সভাপতিত্বে গত ২৭/১০/২০১৫ তারিখ দুপুর ১২:৩০ ঘটিকায় অনুষ্ঠিত পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সদস্যদের সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

02/11/2015
(মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী)
প্রোগ্রামার
ফোন: ৯৫৮৪৯২৯
E-mail: programmer@rdcd.gov.bd

সংযুক্তঃ বর্ণনামতে।

সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা।
২) নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা।
৪) মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ।
৫) ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), পল্লী ভবন, কাওরান বাজার, ঢাকা।
৬) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ, তেজগাঁও, ঢাকা।
৭) উপ সচিব (প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৮) উপ প্রধান, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৯) মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।
১০) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, বাড়ি নং-০৫, রূপনগর, মিরপুর-০২, ঢাকা।
১১) মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড, ৯-ডি, মতিঝিল-সিএ, ঢাকা।
১২) সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৩) অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কমর্কর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১) মোহাম্মদ আবুল বাশার, অতিরিক্ত মহাব্যবস্থাপক ও ইনোভেশন অফিসার, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ, তেজগাঁও, ঢাকা।
২) সমীর কুমার বিশ্বাস, যুগ্ম নিবন্ধক ও ইনোভেশন অফিসার, সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩) সহকারী প্রোগ্রামার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৪) ড. মোহাম্মদ মুনসুর রহমান, উপ-পরিচালক ও ইনোভেশন অফিসার, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।
৫) মোঃ আলমগীর নেওয়াজ, উপ-পরিচালক ও ইনোভেশন অফিসার, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), ঢাকা।
৬) মোঃ আব্দুল গনি মিয়া, সহকারী পরিচালক ও ইনোভেশন অফিসার, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ।
৭) আল্-মামুন মোঃ মাহফুজুর রহমান, সহকারী মহাব্যবস্থাপক ও ইনোভেশন অফিসার, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), পল্লী ভবন, কাওরান বাজার, ঢাকা।
৮) মোঃ রেজলিন রেজওয়ান, সহকারী প্রোগ্রামার ও ইনোভেশন অফিসার, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, বাড়ি নং-০৫, এভিনিউ-০৩, রূপনগর, মিরপুর-০২, ঢাকা।
৯) ইনোভেশন অফিসার, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা।
১০) ইনোভেশন অফিসার, বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড, ৯-ডি, মতিঝিল-সিএ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আইসিটি শাখা
www.rdcd.gov.bd

বিষয়ঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সদস্যদের সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

অতিরিক্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর সভাপতিত্বে এ বিভাগ এবং এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সদস্যদের সমন্বয়ে গত ২৭/১০/১৫ খ্রি: তারিখ দুপুর ১২:৩০ ঘটিকায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তা ও দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তবে সভায় বার্ড, কুমিল্লা ও বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড এর ইনোভেশন টিমের সদস্যবৃন্দ উপস্থিত না থাকায় অসন্তোষ প্রকাশ করেন।

আলোচ্য বিষয়ঃ ১ ইউনিকোড ব্যবহারের অগ্রগতি।

আলোচনাঃ সভাপতি, ইউনিকোড ব্যবহারের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে, এ বিভাগের প্রোগ্রামার জানান এ বিভাগে ইউনিকোড ব্যবহারের হার ৮০% এবং ডিসেম্বরের মধ্যে ইউনিকোড ব্যবহার শতভাগে উন্নীত করার প্রত্যয় ব্যক্ত করেন। এ বিভাগের ই-গভানেন্স কর্মসূচী হতে সকল দপ্তর/সংস্থার দুইজন কর্মকর্তাকে ইউনিকোড ব্যবহারের উপর প্রশিক্ষণ প্রদান করা হলেও দপ্তর/সংস্থাগুলোর ইউনিকোডের ব্যবহারের তেমন কোন অগ্রগতি পরিলক্ষিত হচ্ছে না।

দপ্তর/সংস্থাসমূহের মধ্যে সমবায় অধিদপ্তর জানান তাদের জেলা, উপজেলা পর্যায়ের কার্যালয়ে ইউনিকোড ব্যবহারের তেমন কোন অগ্রগতি হয়নি। মিল্কভিটা জানান, তাঁদের দপ্তর/সংস্থায় কর্মরত কর্তকর্তা/কর্মচারীগণ ইউনিকোড ব্যবহারে এখনও সচেষ্ট নন। বিআরডিবি এর ইনোভেশন অফিসার জানান, তাদের ফাউন্ডেশন ট্রেনিং এ ইউনিকোড এর বিষয়টি রাখা যেতে পারে।

সিদ্ধান্তঃ সকল দপ্তর/সংস্থায় প্রশিক্ষণে মধ্যে ইউনিকোড প্রশিক্ষনের ব্যবস্থা রাখতে হবে। দপ্তর/সংস্থাগুলোর কম্পিউটার ল্যাবে জেলা উপজেলা পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের ইউনিকোডের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। জানুয়ারি'২০১৬ হতে এ বিভাগের সকল কার্যক্রমে এবং দপ্তর/সংস্থা হতে সকল প্রকার তথ্য আদান প্রদানে ইউনিকোডের ব্যবহার ১০০% নিশ্চিত করতে হবে।

আলোচ্য বিষয়ঃ ২ জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৫ এ সম্পর্কে পযার্লোচনা।

আলোচনাঃ জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০০৯ এর প্রতিবেদন সম্পর্কে এ বিভাগের প্রোগ্রামার জানান, বিআরডিবি এবং সমবায় অধিদপ্তর ব্যতীত এ বিভাগের আওতাধীন অন্যান্য দপ্তর/সংস্থাসমূহ যথাসময়ে জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০০৯ এর প্রতিবেদন প্রেরণ করেন না। ফলে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে যথা সময়ে আইসিটি প্রতিবেদন প্রেরণ করা সম্ভব হচ্ছে না। ইতোমধ্যে নতুন করে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ থেকে জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা- ২০১৫ বাস্তবায়নের জন্য প্রতি তিন মাস অন্তর প্রতিবেদন চাওয়া হয়েছে। এখন থেকে নতুন জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৫ **এর** প্রতিবেদন প্রেরণ করতে হবে।

সিদ্ধান্তঃ এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা আগামী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে নিজ দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সভা করবে। সভায় জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা- ২০১৫ এর করনীয় নির্ধারণ করে ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত করে সভার কার্যবিবরণী সহ প্রতিবেদন আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। পরবর্তীতে ত্রৈমাসিক প্রতিবেদন অবশ্যই ০৫ (পাঁচ) তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়ঃ ৩ সকল দপ্তর/সংস্থার আইসিটি জনবলের বর্তমান অবস্থা পর্যালোচনা।

আলোচনাঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আইসিটি শাখার জনবল সম্পর্কিত জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্রের গৃহীত ব্যবস্থা সম্পর্কে প্রশাসন শাখায় জানতে চাওয়া হলে প্রশাসন শাখা জানান, ইতঃমধ্যে পুরাতন অর্গানোগ্রাম পরিবর্তন করে উক্ত পরিপত্রে উল্লেখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

বিআরডিবি'র আইসিটি শাখার ৫টি পদের অনুমোদন পেয়েছে। পিডিবিএফ ও এসএফডিএফ আইসিটি জনবল নিয়োগ প্রদান করেছে। বাকী দপ্তর/সংস্থার আইসিটি জনবলের প্রস্তাব এ বিভাগে প্রেরণ করা হয়েছে।

সিদ্ধান্তঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর থেকে প্রত্যেক জেলা ও উপজেলা পর্যায়ে আইসিটি জনবল নিয়োগ দেয়া হচ্ছে। দপ্তর/সংস্থার জন্য জেলা ও উপজেলা পর্যায়ে আইসিটি জনবল না চেয়ে প্রধান কার্যলয়ের জন্য জনবলের চাহিদা এ বিভাগে প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়ঃ ৪ ডিজিটাল নথি নম্বরের ব্যবহারের অগ্রগতি পর্যালোচনা।

আলোচনাঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন উপস্থিত সংস্থাসমূহের মধ্যে পিডিবিএফ,মিল্কভিটা এবং বাপার্ড ছাড়া অন্যান্য প্রতিষ্ঠান ডিজিটাল নথি নম্বর ব্যবহার করছেন। পিডিবিএফ,মিল্কভিটা এবং বাপার্ডকে ডিজিটাল নথি ব্যবহারের ব্যপারে এ বিভাগের প্রোগ্রামারের সহায়তা নেয়ার জন্য নির্দেশ দেয়া হয়েছে।

সিদ্ধান্তঃ নভেম্বর ২০১৫ মাসের মধ্যে ডিজিটাল নথি নম্বর ব্যবহার যে সকল প্রতিষ্ঠান চালু করে নাই তাদের শুরু করতে হবে।

আলোচ্য বিষয়ঃ ৫ বিবিধ।

আলোচনাঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন সকল দপ্তর/সংস্থার ডাটা বেইজ একীভূত করণের জন্য একটি কেন্দ্রীয় ডাটা সেন্টার তৈরি করা হবে। যার সার্ভারের সাথে সকল দপ্তর/সংস্থার ডাটা কানেকটিভিটির সংযোগের নির্দেশ দেয়া হয়। কেবলমাত্র সমবায় অধিদপ্তর উক্ত কাজটি সম্পন্ন করেছে বলে জানান।

সিদ্ধান্তঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিষ্টেম ডেভেলপমেন্ট এন্ড অপারেশন অধিশাখার ১৫/১০/২০১৫ তারিখের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের ডাটাসেন্টার, কানেক্টাভিটি ও আইসিটি বিষয়ক বিভিন্ন কার্যক্রম সমন্বয় সংক্রান্ত সভার কার্যবিবরণীতে সিদ্ধান্ত মোতাবেক বাস্তবায়ন করা হবে।

আলোচনাঃ সমবায় অধিদপ্তর এর কম্পিউটার ল্যাবের আধুনিকীকরণের জন্য পিপিএনপি তে কর্মসূচি গ্রহণ। এই অর্থ বছরে ল্যাবের ১০টি কম্পিউটার পুনঃস্থাপন করা হয়েছে এবং ১১টি পুনঃস্থাপনের প্রক্রিয়াধীন আছে। বিআরডিবি'র নতুন কম্পিউটার ল্যাব দ্রুত স্থাপনের জন্য পুনঃদরপত্র আহবান করা হয়েছে।

আলোচনাঃ এ বিভাগের দপ্তর/সংস্থার ওয়েবসাইটগুলো জাতীয় ওয়েব পোর্টালের আওতাভূক্ত করতে হবে।

সিদ্ধান্তঃ এ বিভাগ থেকে পর্যাযক্রমে ওয়েব পোর্টাল প্রশিক্ষণ দেয়া হবে। প্রশিক্ষণের ব্যপারে এ বিভাগের আইসিটি শাখা থেকে প্রয়োজনীয় সহায়তা নেয়ার জন্য সকল দপ্তর/সংস্থাকে নির্দেশ প্রদান করা হয়।

আলোচনাঃ দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে সকল দপ্তর/সংস্থা প্রতি মাসে একবার নিজ নিজ দপ্তর/সংস্থায় ইনোভেশন টিমের সদস্যদের নিয়ে সভা করে কার্যবিবরণী এ বিভাগের আইসিটি শাখা বরাবর প্রেরণ করবেন। তিন মাসের মধ্যে একটি সভাতে পল্লী উন্নয়ন সমবায় বিভাগের একজন ইনোভেশন কর্মকর্তা উপস্থিত থেকে ইনোভেশন টিমের কার্যক্রম বাস্তবে পরিবীক্ষণ করবেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯/১১/১৫

(সরদার আবুল কালাম)
অতিরিক্ত সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
সচিবের দপ্তর
ডাইরি নং ৫৭২৭ তারিখ: ২১/১০/১৫
☐ অতিরিক্ত সচিব
☐ অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব (পরিও উন্নয়ন)
☐ যুগ্ম সচিব (আইন ও প্রতি)
☐ যুগ্ম সচিব (প্রতি)
☐ যুগ্ম সচিব (উন্নয়ন)
☐ উপ সচিব (প্রশাঃ)
☐ উপ সচিব (প্রশাঃ অধিঃ ২)
☐ উপ সচিব (বাজেট)
☐ উপ প্রধান
☐ একান্ত সচিব
☐ উপস্থাপন করুন
☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
☐ মন্তব্যসহ উপস্থাপন করুন
☐ জরুরী ভিত্তিতে পেশ করুন
☐ আলোচনা করুন
☐ নথিভুক্ত করুন
☐ সভায় আপনি যাবেন
☐ সারসংক্ষেপ প্রণয়ন করুন
☐ স্বাক্ষর

নথিতে উপস্থাপন করুন
21/10/2015

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা।
www.ictd.gov.bd
সিস্টেম ডেভেলপমেন্ট এন্ড অপারেশন অধিশাখা

পল্লী উন্নয়ন সমবায় বিভাগ
প্রহণ ও প্রেরণ শাখা
20 OCT 2015
ডাইরী নং 02
Asst. Prog

স্মারক নং- ৫৬.০০.০০০০.০২৮.২৩.০৩২.১৪(অংশ-৩)- ১১১০ তারিখ : ১৫/১০/২০১৫ খ্রি.

বিষয়: বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের ডাটা সেন্টার, কানেক্টিভিটি ও আইসিটি বিষয়ক বিভিন্ন কার্যক্রম সমন্বয় সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে গত ১১.১০.২০১৫ খ্রি. তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে আইসিটি বিভাগের সভাকক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রেম এতদ্বসংগে প্রেরণে করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

মো: নবীর উদ্দীন
সিনিয়র সিস্টেম এনালিষ্ট
ফোন: ৮১৮১১৯৫
ই-মেইল: ssa@ictd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সিনিয়র সচিব, জাতীয় সংসদ সচিবালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৯. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমানবন্দর রোড, তেজগাঁও, ঢাকা।
১০. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা।
১৬. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
১৮. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ডাইরী নং ... তারিখ ...
উপ-সচিব (প্রঃউঃ/অধি প্রঃ) আ/প্রঃ
অতিরিক্ত সচিব (প্রঃ ও বাঃ)
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
বিসিসি ভবন (৫ম তলা), আগারগাঁও, ঢাকা

সিস্টেম ডেভেলপমেন্ট এন্ড অপারেশন অধিশাখা

বিষয়ঃ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের ডাটা সেন্টার, কানেক্টিভিটি ও আইসিটি বিষয়ক বিভিন্ন কার্যক্রম সমন্বয় সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	: শ্যাম সুন্দর সিকদার, সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
সভার তারিখ	: ১১/১০/২০১৫ খ্রিঃ
সভার সময়	: দুপুর ২.৩০ ঘটিকা
স্থান	: সম্মেলন কক্ষ, আইসিটি বিভাগ
উপস্থিতি	: সংলগ্নী 'ক'

১। সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভার গুরুত্ব তুলে ধরে বলেন যে, প্রতি মাসে প্রধানমন্ত্রী কার্যালয়ে মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে Domestic Network Coordination কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে আইসিটি বিভাগ নিয়মিত এই সমন্বয় সভা পরিচালনা করছে। এই সভার প্রধান লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছে সরকারের আইসিটি সংক্রান্ত বিভিন্ন কার্যক্রমের দ্বৈততা পরিহার করা এবং একই আইসিটি অবকাঠামো/ই-সেবা সকল মন্ত্রণালয় বিভাগ ব্যবহার করতে পারে এবং সরকারি অর্থের সাশ্রয় করা। অতি সম্প্রতি ECNEC সভায় অনুমোদিত টায়ার-৪ ডাটাসেন্টার বিষয়ে সভাপতি উপস্থিত সকলকে অবহিত করেন।

২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) বাংলাদেশ পুলিশের দেশব্যাপী ৯৭৯টি অফিসে Connectivity স্থাপন সংক্রান্ত বিষয়ে নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নেতৃত্বে অতিরিক্ত সচিব, আইসিটি বিভাগ; ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল; প্রকল্প পরিচালক, ইনফো-সরকার-২ প্রকল্প এবং প্রকল্প পরিচালক, বাংলাগভঃনেট প্রকল্প, পুলিশ বিভাগের প্রতিনিধির সাথে আলোচনা করে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে একটি কর্মকৌশল আইসিটি বিভাগে দাখিল করবে (বাস্তবায়নের- বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল)।

(খ) ইনফো-সরকার-২ প্রকল্প ও বাংলাগভঃনেট প্রকল্পের মাধ্যমে সারাদেশ ব্যাপী কানেক্টিভিটি স্থাপনের কাজ করে যাচ্ছে। জেলা ও উপজেলা পর্যায়ে বেশ কিছু অফিস কানেক্টিভিটির আওতার বাহিরে আছে। বাংলাদেশ পুলিশের কানেক্টিভিটি সংক্রান্ত প্রতিবেদন প্রাপ্তির পর অন্যান্য বাদ পড়া অফিসসমূহতে কানেক্টিভিটি স্থাপনের জন্য বিসিসি জরুরী ভিত্তিতে একটি প্রকল্প গ্রহণ করবে (বাস্তবায়নের- বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল)।

(গ) বাংলাগভঃনেট প্রকল্প কর্তৃক সরবরাহকৃত IP Telephone এর Configuration and access প্রদানের লক্ষ্যে নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের ও প্রকল্প পরিচালক, বাংলাগভঃনেট প্রকল্প প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে (বাস্তবায়নের- বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল)।

(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সরবরাহকৃত ৭৫টি ভিডিও কনফারেন্সিং সিস্টেমের মধ্যে যেগুলো এখনও ইনফো-সরকার-২ প্রকল্প থেকে সরবরাহকৃত ভিডিও কনফারেন্সিং সিস্টেমের এর সাথে একীভূত হয়নি সেগুলো অক্টোবর/২০১৫ খ্রিঃ মাসের মধ্যেই একীভূতকরণের কার্যক্রম প্রকল্প পরিচালক, ইনফো-সরকার-২ প্রকল্প সম্পূর্ণ করবে (বাস্তবায়নের -প্রকল্প পরিচালক, ইনফো-সরকার-২ প্রকল্প)।

(ঙ) আইসিটি সংক্রান্ত প্রকল্পের দ্বৈততা পরিহার ও সমন্বয়ের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত বা গ্রহীতব্য প্রকল্পে সারসংক্ষেপ (প্রকল্পের নাম, উদ্দেশ্য, বাস্তবায়ন কাল, প্রাক্কলিত ব্যয়, প্রকল্প এলাকা, সুবিধাভোগী জনগোষ্ঠি ও কম্পোনেন্ট) আগামী ০৭ (সাত) দিনের মধ্যে আইসিটি বিভাগে প্রেরণ করবে (বাস্তবায়নের -সকল মন্ত্রণালয়/বিভাগ)।

(চ) যেহেতু ইনফো-সরকার থেকে আর কোন ট্যাব সরবরাহের সুযোগ নেই বিধায়, কোন মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজন মনে করলে স্ব-উদ্যোগে বিধি মোতাবেক নিজস্ব বাজেট হতে Tab ক্রয় করে প্রয়োজন মিটাতে পারবে বলে সভায় মত প্রকাশ করা হয় (বাস্তবায়নের -সকল মন্ত্রণালয়)। এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় একটি নির্দেশনা জারী করতে পারে (বাস্তবায়নের- জনপ্রশাসন মন্ত্রণালয়) ।

(ছ) তালিকাভুক্ত যে সকল মন্ত্রণালয়/বিভাগ বা সংস্থায় ইনফো-সরকার প্রকল্পের ভিডিও কনফারেন্সিং সিস্টেম এখনও স্থাপন করা হয়নি বা স্থাপন করা হয়েছে কিন্তু সচল হয়নি, সেসকল মন্ত্রণালয়/বিভাগে বা সংস্থায় দ্রুততম সময়ে ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপন বা চালু করবে (বাস্তবায়নের -প্রকল্প পরিচালক, ইনফো-সরকার-২ প্রকল্প)।

(জ) যে সকল মন্ত্রণালয়/বিভাগ বা সংস্থায় স্থাপিত IP Telephone বা ভিডিও কনফারেন্সিং সিস্টেমের ত্রুটি দেখা দিলে বা অকার্যকর হলে সেসকল মন্ত্রণালয়/বিভাগ বা সংস্থা নির্বাহী পরিচালক ,বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলকে পত্র দিয়ে অবহিত করবে এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল দ্রুততম সময়ে তা মেরামতের কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে (বাস্তবায়নের -সকল মন্ত্রণালয়/বিভাগ)।

(ঝ) ইনফো-সরকার প্রকল্প থেকে শুধুমাত্র বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বাংলাদেশ সচিবালয় ও খামার বাড়ী অফিসে Wi-Fi স্থাপন করা হয়েছ। প্রকল্পটি ডিসেম্বর/২০১৫ খ্রি. এ শেষ হবে এবং এ প্রকল্প থেকে আর কোন Wi-Fi স্থাপনের সুযোগ না থাকায় সচিবালয়ের বাহিরে অবস্থিত সকল মন্ত্রণালয়/বিভাগে নিজ উদ্যোগে প্রয়োজন মনে করলে Wi-Fi স্থাপন করে তা ব্যবহার করবে (বাস্তবায়নের -সকল মন্ত্রণালয়/বিভাগ)। ।

ঞ) সব ধরণের বন্দরে (নৌ-বন্দর, বিমান বন্দর, স্থল বন্দর) এবং সব ধরণের স্টেশন (রেলওয়ে ষ্টেশন, বাস ষ্টেশন, লঞ্চ ঘাট) সংশ্লিষ্ট কর্তৃপক্ষ Wi-Fi স্থাপনে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ তাঁর আওতাধীন দপ্তর/সংস্থাসমূকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে (বাস্তবায়নের -সংশিষ্ট মন্ত্রণালয়/বিভাগ)। ।

(ট) কোন মন্ত্রণালয় /বিভাগ ডাটাসেন্টার বা কানেক্টিভিটি সংক্রান্ত নতুন প্রকল্প গ্রহণ না করে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক স্থাপিত ডাটাসেন্টার এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগ কিংবা আইসিটি বিভাগ কর্তৃক স্থাপিত কানেক্টিভিটি ব্যবহারের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করার উদ্যোগ গ্রহণ করবে (বাস্তবায়নের -সকল মন্ত্রণালয়/বিভাগ)।

(ঠ) আইসিটি বিভাগ Domestic Network Coordination Committee (DNCC) তে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে সদস্য হিসেবে অন্তর্ভূক্তির বিষয়ে অনুরোধ করে প্রধানমন্ত্রী কার্যালয়ের মহাপরিচালক (প্রশাসন) বরাবরে পত্র প্রেরণ করতে হবে (আইসিটি বিভাগ)।

(ড) "ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্স" কমিটির ২য় সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রতি তিন মাস অন্তর নিয়মিতভাবে আইসিটি বিভাগে প্রেরণ করবে (বাস্তবায়নের -সকল মন্ত্রণালয়/বিভাগ)।

(ঢ) "আইসিটি নীতিমালা ২০১৫" এর আলোকে মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট করণীয় বিষয়সমূহের বাস্তবায়ন অগ্রগতি পূর্বের ন্যায় নিয়মিতভাবে আইসিটি বিভাগে প্রেরণ করবে (বাস্তবায়নের -সকল মন্ত্রণালয়/বিভাগ)।

৩। সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

২৪/১০/১৫

(শ্যাম সুন্দর সিকদার)
সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ